

১০/১১

তারিখ ২৪ JAN 1987
পৃষ্ঠা... ৬ ...



শিক্ষা প্রতিষ্ঠানের সম্পত্তির বিবরণ পেশের নির্দেশ

॥ মোস্তফা আহমদ ॥

সরকার দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান ও কর্তৃপক্ষকে তাদের দখলে পতিত জমি ও দালান-কোঠা হতে অর্জিত আয় এবং অব্যবহৃত সম্পদ নিরূপণ করে আগামী ২৫ জানুয়ারীর মধ্যে বিস্তারিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশ দিয়েছেন। দেশের প্রতি ইঞ্চি ভূমি যাতে পুরোপুরি আর্থিক উন্নয়নে ব্যবহৃত হতে পারে সে উদ্দেশ্যেই সরকার এ সিদ্ধান্ত গ্রহণ

করেছেন। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসেব দাবী করে এ ধরনের এটাই প্রথম সরকারী নির্দেশ।

শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব (প্রশাসন) কর্তৃক ১৩ জানুয়ারী শেষ পঃ ৩-এর কঃ দেখুন

সম্পত্তির বিবরণ

প্রথম পৃষ্ঠার পর

সংস্কৃত [স্মারক নং ২৭ স/সংস্থা/৭৪-৮৭/৪৬(২২০০)]*

নির্দেশ মতে এ বিষয়টিকে অত্যন্ত জরুরী ভিত্তিতে বিবেচনা করার জন্য বলা হয়েছে। দেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, মাদ্রাসা বোর্ড ও প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনার দায়িত্বে নিয়োজিত উর্ধ্বতন কর্মকর্তাগণ ঐ দিনই এ ব্যাপারে অবহিত হন। তারা তাৎক্ষণিকভাবে এ নির্দেশ দেশের সর্বত্র সংশ্লিষ্ট স্কুল, কলেজ ও মাদ্রাসাসমূহে প্রেরণ করেছেন। নির্দেশে বলা হয়; শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সারাদেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিশেষ করে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে রাজস্ব ও উন্নয়ন খাতে সরকার বিপুল পরিমাণ টাকা সম্বরহা করে আসছে। বহু শিক্ষা প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত সরকারী ভূমির মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের কাজে ব্যবহৃত স্থান এবং দালান-কোঠা ছাড়াও অনেক পতিত জমি হতে উল্লেখযোগ্য পরিমাণ আয় হচ্ছে। অথচ এ আয়ের কোন অংশই কোন সময়ে আয় হিসেবে দেখানো হয়নি। এমন শিক্ষা প্রতিষ্ঠানও আছে যেখানে অত্যন্ত সীমিতসংখ্যক ছাত্রের লেখাপড়ার জন্য বিপুল আকারের ভূমি দখলে আছে। তবে, সে তুলনায় এসব প্রতিষ্ঠানে বাৎসরিক OUT PUT তেমন সন্তোষজনক নয়। আরো বলা হয়, বাংলাদেশের মতো একটি গরীব উন্নয়নকারী দেশের পক্ষে এ ধরনের ভূমি পতিত রাখা বাঞ্ছনীয় নয়। তাছাড়া প্রতি ইঞ্চি ভূমি যাতে পুরোপুরি আর্থিক উন্নয়নে ব্যবহৃত হয় সংশ্লিষ্ট সকলেরই এ বিষয়টি দেখার দায়িত্ব বর্তায়।

অভিজ্ঞ মহলের মতে, সরকারের এ সিদ্ধান্ত কার্যকর হলে একদিকে যেমন অধিক খাদ্য ফলাও অভিযান জোরদার হবে অন্যদিকে তেমনি কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে অপরের ধন-সম্পদ নিয়ে গুড়ে তোলা অবৈধ জম-জমাট ব্যবসারও অবসান হবে।